

সরকারি এমপিওভুক্ত বাগেরহাটের চিতলমারী দাখিল মাদরাসার অনিয়মের বিরুদ্ধে উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) কাছে লিখিত অভিযোগ করায় এক শিক্ষার্থীর মাকে ‘পাগল’ আখ্যা দিয়ে মারধর করে এলাকাছাড়া করা হয়েছে। মারধরে শিক্ষানবিশ আইনজীবী রুখসানা বিনতে জামান নামে ওই নারীর ডান কানের লতি ছিঁড়ে যায়। তিনি প্রাণভয়ে আত্মগোপনে রয়েছেন।

গত শুক্রবার সন্ধ্যায় ভুক্তভোগী শিক্ষানবিশ আইনজীবী স্থানীয় সাংবাদিকদের বলেন, “সরকারি কারিকুলাম বাদ রেখে ওই মাদরাসার ভেতর ‘নুরানি ও পি-ক্যাডেট বিভাগ’ নামে ব্যক্তিগতভাবে শিক্ষা কার্যক্রম চালু করে টাকা হাতিয়ে নেওয়া হচ্ছে।

#### বিজ্ঞাপন

এর প্রতিকার চাইতে গিয়ে যদি ‘পাগল’ আখ্যা দিয়ে আমাকে এলাকাছাড়া করা হয়, তাহলে সাধারণ মানুষের কী অবস্থা?” ভুক্তভোগী রুখসানা জানান, তাঁর সন্তান মো. ইব্রাহিম খান নানাবাড়িতে থেকে চিতলমারী দাখিল মাদরাসায় দ্বিতীয় শ্রেণিতে পড়ে। তাঁর অভিযোগ, এমপিওভুক্ত এ মাদরাসায় ব্যক্তিগতভাবে ব্যবসা করা হচ্ছে।